



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/29/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

চলমান COVID-19 বিশ্বব্যাপী মহামারীর মধ্যে, গভর্নর কুওমো ঘোষণা করেন যে 35টি কাউন্টি তাদের ঐচ্ছিক বহির্বিভাগের চিকিৎসা পুনরায় শুরু করার অনুমোদিত

নিউ ইয়র্ক স্টেট এখন প্রতিদিন গড়ে 30,000টি ডায়াগনস্টিক টেস্ট পরিচালনা করছে

নিউ ইয়র্ক সিটির ফায়ার ডিপার্টমেন্ট (FDNY) এবং নিউ ইয়র্ক সিটি পুলিশ বিভাগ (NYPD) অ্যান্টিবডি টেস্টিং স্টাডির ফলাফল দেখায় FDNY এর 17.1 শতাংশ এবং NYPD-র 10.5 শতাংশ অ্যান্টিবডি রয়েছে

1,000 পরিবহন কর্মীদের জন্য অ্যান্টিবডি পরীক্ষা সম্প্রসারণ করছে রাজ্য

প্রতিটি ট্রেনে কিভাবে প্রতি রাতে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা যায় তার সম্পূর্ণ পরিকল্পনা জারি করতে মেট্রোপলিটান ট্রান্সপোর্ট এজেন্সিকে (MTA) নির্দেশ দেওয়া হয়েছে

নিউ ইয়র্ক স্টেটে আবো 4,585 জন করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করে - যা স্টেটব্যাপী 46 কাউন্টিতে নতুন আক্রান্তের ঘটনাসহ মোট আক্রান্তের সংখ্যাকে 299,691-তে নিয়ে আসে

চলমান COVID-19 বিশ্বব্যাপী মহামারীর মধ্যে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে 35টি কাউন্টি ঐচ্ছিক বহির্বিভাগের চিকিৎসা পুনরায় শুরু করার অনুমোদন দেওয়া হয়েছে। গভর্নর আগে ঘোষণা করেছিলেন যে COVID-19 এর বৃদ্ধির উল্লেখযোগ্য ঝুঁকি নেই এমন কাউন্টিগুলি ও হাসপাতালগুলিতে অনতিবিলম্বে ইলেক্টিভ আউটপেশেন্ট ড্রিটমেন্ট পুনরায় শুরু হবে। এখন যে কাউন্টিগুলি যোগ্য, সেগুলি হল: অ্যালেক্সান্ডিয়া, ব্রুম, ক্যাটারুগাস, চাউটাউকুয়া, চেন্যাঙ্গো, ডেলাওয়্যার, ডাচেস, এসেক্স, ফ্রাঙ্কলিন, ফুলটন, জেনেসি, হার্কাইমার, জেফারসন, লুইস, লিভিংস্টোন, ম্যাডিসন, মনরো, নাম্যাগা, ওনেইডা, ওসোয়েইগো, পুটনাম, সারাটোগা, সস্কোহ্যারি, শেউলার, সেন্ট লরেন্স, স্টেউবেন, সালিভান, টম্পকিন্স, আলস্টার, ওয়েইন, ওয়াইমোমিং এবং ইয়েটস।

গভর্নর কুওমো এও ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেট এখন প্রতিদিন COVID-19 এর জন্য এখন গড়ে 30,000টি ডায়াগনস্টিক টেস্ট পরিচালনা করছে। গত সপ্তাহে গভর্নর ঘোষণা করেন যে

রাজ্য ফেডেরাল সরকারের সাথে এক সাথে কাজ করবে নিউ ইয়র্কের টেস্টিং ক্ষমতা প্রতিদিন 20,000 পরীক্ষা থেকে 40,000 অবধি বাড়ানোর জন্য কয়েক সপ্তাহ জুড়ে।

এছাড়া পাঁচটি বোরো জুড়ে 1,000 জন নিউইয়র্ক সিটি ফায়ার ডিপার্টমেন্টের কর্মকর্তা এবং 1,000 জন নিউইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্টের কর্মকর্তাদের পরীক্ষা করে রাজ্যের FDNY ও NYPD অ্যান্টিবডি টেস্টিং সার্ভের ফলাফলও ঘোষণা করেন গভর্নর। প্রাথমিক ফলাফলে দেখা যায় 17.1 শতাংশ FDNY অফিসার এবং EMT-দের COVID-19 অ্যান্টিবডি এবং 10.5 শতাংশ NYPD অফিসারদের COVID-19 অ্যান্টিবডি রয়েছে। ভবিষ্যতে জাতি ও লিঙ্গের ভিত্তিতে আরও অ্যান্টিবডি বিশ্লেষণ ও জরিপ পরিচালনা করবে রাজ্য।

গভর্নর আরো ঘোষণা করেন, রাজ্য আজ 1,000 জন পরিবহণ কর্মীদের পরীক্ষা করছে অ্যান্টিবডির জন্য সম্মুখভাগের কর্মীদের মধ্যে সংক্রমণের বিস্তার আরো ভালোভাবে নির্ধারণ করার জন্য। প্রথম প্রতিক্রিয়াকারী এবং MTA, রাজ্য পুলিশ, DOCCS এবং অন্যান্য অপরিহার্য কর্মীদের অ্যান্টিবডি পরীক্ষা প্রদান করার জন্য রাজ্য বায়োরেফারেন্স (BioReference) এর সাথে কাজ করছে।

আগামীকাল এপ্রিল 30 এর মধ্যে একটি পূর্ণাঙ্গ পরিকল্পনা জারি করার জন্য MTA-কে নির্দেশ দিয়েছেন গভর্নর, কীভাবে তারা প্রতিটি ট্রেন পরিষ্কার ও জীবাণুমুক্ত করবে প্রতি রাতে, বিশ্বব্যাপী মহামারী চলাকালীন সাবওয়েগুলির অবস্থার অবনতির রিপোর্টের প্রতিক্রিয়াস্বরূপ।

"আমরা এই সংক্রমণের বিস্তার থামাতে প্রচণ্ড অগ্রগতি করেছি, কিন্তু আমরা এখনো সম্পূর্ণ নিরাপদ নই এবং আমাদের সতর্কতার সাথে অগ্রসর হতে হবে আমাদের পুনরায় খোলার পরিকল্পনা শুরু করছি," **গভর্নর কুওমো বলেন।** "আমরা জানি নিউ ইয়র্ককে পুনরায় খোলার মূলে আছে টেস্টিং - এটা সেই নির্দেশক যা দেখাবে আমরা সংক্রমণের হার পুনরায় খোলার প্রক্রিয়ার সর্বত্র সংক্রমণের হার কম রাখছি। আমরা পরীক্ষার বিষয়ে বিশ্বের যে কোনও রাজ্য বা জাতির চেয়ে বেশি আক্রমণাত্মক হয়েছি এবং আমরা এখন আমাদের লক্ষ্য অর্জনের পথে অর্ধেক এগিয়েছি আমাদের পরীক্ষার ক্ষমতা প্রতি দিন 20,000 থেকে 40,000 এ নিয়ে যাবার পথে, কিন্তু এখনও আমাদের আরো কাজ করার আছে।"

পরিশেষে, গভর্নর আরও 4,585 জন নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 299,691-তে নিয়ে এসেছে। মোট 299,691 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগোলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	1,067	58
Allegany	35	0
Broome	273	7
Cattaraugus	47	2

Cayuga	48	0
Chautauqua	31	1
Chemung	119	6
Chenango	96	1
Clinton	59	0
Columbia	165	11
Cortland	28	0
Delaware	60	1
Dutchess	2,881	64
Erie	3,196	107
Essex	27	1
Franklin	15	1
Fulton	67	1
Genesee	152	3
Greene	114	2
Hamilton	3	0
Herkimer	58	0
Jefferson	60	0
Lewis	9	0
Livingston	67	2
Madison	126	0
Monroe	1,404	33
Montgomery	51	2
Nassau	35,505	420
Niagara	401	15
NYC	164,841	2,503
Oneida	422	11
Onondaga	782	40
Ontario	90	0
Orange	8,488	114
Orleans	85	5
Oswego	63	0
Otsego	66	1
Putnam	946	14
Rensselaer	262	12
Rockland	11,586	133
Saratoga	346	3
Schenectady	479	10

Schoharie	39	1
Schuyler	7	0
Seneca	38	0
St. Lawrence	170	0
Steuben	214	4
Suffolk	33,265	541
Sullivan	811	42
Tioga	84	2
Tompkins	127	1
Ulster	1,252	22
Warren	152	2
Washington	134	3
Wayne	70	0
Westchester	28,626	381
Wyoming	65	2
Yates	17	0

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)